

💵 আত্ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ২৬৬

৫. সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৫) আযান এবং একামতের মধ্যবর্তী সময়ে দু'আ করার প্রতি উদ্বুদ্ধকরণ

الترغيب في الدعاء بين الأذان والإقامة

আরবী

(صحيح لغيره) وَعَنْ سَهْلِ بْنِ سَعْدِ السَّاعِدِيِّ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ سَاعَتَانِ تُفْتَحُ فِيهِمَا أَبْوَابُ السَّمَاءِ, وَقَلَّماَ تُرَدُّ عَلَي دَاعٍ دَعْوَتُهُ: حَضُوْرِ النِّدَاءِ، والصَّفِّ فِي سَبِيلِ اللهِ والصَّفِّ فِي سَبِيلِ اللهِ وفي لفظ قال: ثِنْتَانِ لَا تُرَدَّانِ أَوْ قَلَّمَا تُرَدَّانِ الدُّعَاءُ عِنْدَ النِّدَاءِ وَعَنْدَ الْبَأْسِ حِينَ يُلْحِمُ بَعْضُهُمْ بَعْضًا. رواه أبو داود وابن خزيمة وابن حبان

বাংলা

২৬৬. (সহীহ্ লি গাইরিহী) সাহল বিন সাদ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ রাসূলুল্লাহ (সাল্লাল্লাহ্ আলাইহি ওয়া সাল্লাম) বলেছেনঃ "দু'টি সময়ে আসমানের দরজা সমূহ খোলা হয় এবং কোন প্রার্থনাকারীর দু'আ খুব কমই ফিরিয়ে দেয়া হয়। তা হলঃ আযানের সময় ও জিহাদের কাতারে ।

অন্য বর্ণনায়ঃ

''দু'টি বিষয় প্রত্যাখ্যাত হয় না, (অথবা বলেছেন, খুব কমই ফিরিয়ে দেয়া হয়) আযানের সময় দু'আ এবং যুদ্ধের সময়; যখন একজন অপরজনের সাথে প্রচন্ড যুদ্ধে লিপ্ত হয়ে যায়।''

(হাদীছটি বর্ণনা করেছেন আবু দাউদ ২৫৪, ইবনু হিব্বান ১৭১৭ ও ইবনু খুযায়মাহ ১/২১৯) তবে ইবনু হিব্বান বলেছেন: ''সালাত উপস্থিত হওয়ার সময়।''

উক্ত হাদীছটি হাকেমও বর্ণনা করেছেন এবং ছহীহ বলেছেন। আরো বর্ণনা করেছেন ইমাম মালেক মাওকৃফ সূত্রে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ সাহল বিন সা'দ (রাঃ)



 $\textit{\textbf{\textit{9}}} \; \mathsf{Link} - \mathsf{https://www.hadithbd.com/hadith/link/?id} = 88037$

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন